



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১৫ই এপ্রিল, ২০২১

## শোকবার্তা

বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি, প্রাক্তন আইনমন্ত্রী, সংসদ সদস্য, মুক্তিযোদ্ধা, বিশিষ্ট আইনজীবী সুপ্রীম কোর্টের সিনিয়র এডভোকেট আব্দুল মতিন খসরু-র মৃত্যুতে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) পরিবার গভীরভাবে শোকাহত।

১৯৯৬ সাল থেকে ২০০১ সালে আইনমন্ত্রী হিসেবে দায়িত্ব পালনকালে তিনি অসহায় মানুষের আইনী সেবা প্রাপ্তি সহজলভ্য করার লক্ষ্যে বিনামূল্যে সরকারী আইন সহায়তা প্রদান আইন প্রণয়ন সহ এ সংক্রান্ত সরকারী কার্যক্রম শুরু করার জন্য উদ্যোগী ভূমিকা রাখেন। এই সময় তিনি ব্লাস্ট, মাদারীপুর লিগ্যাল এইড এসোসিয়েশন সহ আরো কয়েকটি বিনামূল্যে আইনসহায়তা প্রদানকারী সংস্থার কার্যক্রমের সঙ্গে সক্রিয়ভাবে সম্পৃক্ত হন এবং বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করেন।

তিনি ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে (কমান্ডার হিসেবে) অংশগ্রহণ করেন।

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে আমরা তাঁর শোক সন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

গভীর সমবেদনায়,

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)